# মৌমাছি প্রতিপালন নির্দেশিকা

## মৌমাছি প্রতিপালনের সতর্কতাঃ

- ✓ ধোঁয়া যুক্ত স্থানে বাক্স রাখা যাবে না
- ✓ অতি চড়া রৌদ্রে মৌমাছির বাক্স রাখা যাবেনা
- ✓ স্যাঁতসেঁতে স্থানে বাক্স রাখা যাবেনা
- ✓ এমন কোন স্থান যেখানে সন্ধ্যার পর বক্সের মুখে আলো পড়ে সেখানে রাখা যাবে না
- ✓ বক্সের মুখ দক্ষিন পূর্বে হলে ভালো হয়
- ✓ মৌমাছি বক্সের সামনের দিক টা সামান্য ঝুঁকে রাখা প্রয়োজন কারন কোন কারনে বাক্সের ভিতরে জল জমে গেলে তা বেরিয়ে যাবে
- ✓ পিঁপড়ে বা অন্য কোন পোকা হলে লক্ষন চক দেওয়া যেতে পারে কিন্তু গেমাক্সিন না দেওয়াই ভালো কারন এতে অনেক তীব্র গন্ধ বের হয়
- ✓ চেম্বার ফ্রেমের উপরের দিকে খাবার বা মধু না উপস্থিত থাকে তাহলে বাইরে থেকে খাবার দিতে হবে

## খাবার প্রদান ও মিশ্রণের অনুপাতঃ

- ✓ সাধারানত চিনি ও জলের মিশ্রণ খাবার হিসাবে দেওয়া হয় ১:১ অনুপাতে (১/২ চিনি ও ১/২ জল) তবে এই মিশ্রণের অনুপাত পরিবর্তন হয় বিভিন্ন ঋতু তে, যেমন<br>গ্রীষ্মকালঃ চিনি কম জল বেশি<br>শীতকালঃ চিনি বেশি জল কম<br>বর্ষাকালঃ চিনি ও জল সমান
- ✓ বড় মুখ যুক্ত ছোট কৌটার ঢাকনা তে ছোট ছোট ছিদ্র করতে হবে
- ✓ এবং ছিদ্র যুক্ত কৌটায় খাবার ভরে চেম্বার ফ্রেমের সাথে উপুড় করে রাখতে হবে।
- ✓ খাবার এক সপ্তাহ অপেক্ষা করে পর পর ২ থেকে ৩ দিন দিতে হবে পরে আবার এক সপ্তাহ অপেক্ষা করতে হবে

## মৌমাছি বাক্সের খোলা ও বন্ধের সময়কালঃ

- ✓ গ্রীষ্মকাল – সকাল ৯ টার আগে খুলতে হবে এবং বিকেল ৩ টের পর বন্ধ করতে হবে
- ✓ শীতকাল - সকাল ৯ টার পরে খুলতে হবে এবং বিকেল ৩ টের আগে বন্ধ করতে হবে